# কোভিড ১৯  প্রেক্ষিতে ২০২৩ সালের এস এস সি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

**বিষয়: উচ্চতর গণিত**

**বিষয় কোড: ১২৬**

## কোভিড ১৯ প্রেক্ষিতে ২০২৩ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

**বিষয়: উচ্চতর গণিত** **বিষয় কোড: ১২৬** **পূর্ণমান: ১০০** **তত্ত্বীয়: ৭৫** **ব্যাবহারিক: ২৫**

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **দ্বিতীয় অধ্যায়**<br>বীজগাণিতিক রাশি | ১. বহুপদীর ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. উদাহরণের সাহায্যে এক চলকবিশিষ্ট বহুপদী ব্যাখ্যা করতে পারবে।<br>৩. বহুপদীর গুণ ও ভাগ ব্যাখ্যা করতে পারবে।<br>৪. ভাগশেষ উপপাদ্য ও উৎপাদক উপপাদ্য ব্যাখ্যা এবং তা প্রয়োগ করে বহুপদীর উৎপাদক বিশ্লেষণ করতে পারবে।<br>৫. সমমাত্রিক রাশি, প্রতিসম রাশি এবং চক্র-ক্রমিক রাশি ব্যাখ্যা করতে পারবে।<br>৬. সমমাত্রিক রাশি, প্রতিসম রাশি এবং চক্র-ক্রমিক রাশির উৎপাদক নির্ণয় করতে পারবে।<br>৭. মূলদ ভগ্নাংশকে আংশিক ভগ্নাংশে প্রকাশ করতে পারবে। | • বহুপদী<br>➢ এক চলকবিশিষ্ট বহুপদী<br>➢ বহুপদীর গুণ ও ভাগ<br>➢ বহুপদীর উৎপাদক বিশ্লেষণ (ভাগশেষ উপপাদ্য ও উৎপাদক উপপাদ্য) | ০৪ | ১ম -৪র্থ | |
| | | • সমমাত্রিক, প্রতিসম এবং চক্র-ক্রমিক রাশি (অনুর্ধ্ব তিন চলক) | ০৩ | ৫ম -৭ম | |
| | | • মূলদ ভগ্নাংশকে আংশিক ভগ্নাংশে প্রকাশ (সরল মূলদ ভগ্নাংশ) | ০৩ | ৮ম- ১০ম | |
| **তৃতীয়**<br>জ্যামিতি | ১. লম্ব অভিক্ষেপের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. পিথাগোরাসের উপপাদ্যের উপর ভিত্তি করে প্রদত্ত উপপাদ্যগুলো প্রমাণ ও প্রয়োগ করতে পারবে।<br>৩. ত্রিভুজের পরিকেন্দ্র, ভরকেন্দ্র ও লম্ববিন্দু সম্পর্কিত উপপাদ্যগুলো প্রমাণ ও প্রয়োগ করতে পারবে।<br>৪. ব্রহ্মগুপ্তের উপপাদ্য প্রমাণ ও প্রয়োগ করতে পারবে।<br>৫. টলেমির উপপাদ্য প্রমাণ ও প্রয়োগ করতে পারবে। | • লম্ব অভিক্ষেপ | ০১ | ১১শ | |
| | | • পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি<br>➢ স্থূলকোণী ত্রিভুজের স্থূলকোণের বিপরীত বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্র ঐ কোণের সন্নিহিত অন্য দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফল এবং ঐ দুই বাহুর যেকোনো একটি ও তার উপর অপর বাহুর লম্ব অভিক্ষেপের অন্তর্গত আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের দ্বিগুণের সমষ্টির সমান।<br>➢ যেকোনো ত্রিভুজের সূক্ষ্মকোণের বিপরীত বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্র অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টি অপেক্ষা ঐ দুই বাহুর যেকোনো একটি ও তার উপর অপরটির | ০২ | ১২শ- ১৩শ | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | লম্ব অভিক্ষেপের অন্তর্গত আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের দ্বিগুণ পরিমাণ কম।<br>➢ ত্রিভুজের যেকোনো দুইবাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টি, তৃতীয় বাহুর অর্ধেকের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল এবং ঐ বাহুর সমদ্বিখন্ডক মধ্যমার উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমষ্টির দ্বিগুণ। | | | |
| | | • ত্রিভুজের পরিকেন্দ্র, ভরকেন্দ্র ও লম্ববিন্দু সমরেখ। | ০২ | ১৪শ-১৫শ | |
| | | **ব্রহ্মগুপ্তের উপপাদ্য**<br>➢ বৃত্তে অন্তর্লিখিত কোনো চতুর্ভুজের কর্ণ দুইটি যদি পরস্পর লম্ব হয়, তবে তাদের ছেদ বিন্দু হতে কোনো বাহুর উপর অঙ্কিত লম্ব বিপরীত বাহুকে দ্বিখন্ডিত করে। | ০১ | ১৬শ | |
| | | **টলেমির উপপাদ্য**<br>➢ বৃত্তে অন্তর্লিখিত কোনো চতুর্ভুজের কর্ণদ্বয়ের অন্তর্গত আয়তক্ষেত্র ঐ চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয়ের অন্তর্গত আয়তক্ষেত্রের সমষ্টির সমান। | ০২ | ১৭শ -১৮শ | |
| **সপ্তম**<br><br>অসীম ধারা | ১. অনুক্রমের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. অসীম ধারা চিহ্নিত করতে পারবে।<br>৩. অসীম গুণোত্তর ধারার সমষ্টি থাকার শর্ত ব্যাখ্যা করতে পারবে।<br>৪. অসীম গুণোত্তর ধারার সমষ্টি নির্ণয় করতে পারবে।<br>৫. আবৃত্ত দশমিক সংখ্যাকে অনন্ত গুণোত্তর ধারায় প্রকাশ এবং সাধারণ ভগ্নাংশে রূপান্তর করতে পারবে। | • অনুক্রম | ০১ | ১৯শ | |
| | | • অসীম ধারা | ০১ | ২০শ | |
| | | • অসীম গুণোত্তর ধারা | ০১ | ২১শ | |
| | | • অসীম গুণোত্তর ধারার সমষ্টি | ০১ | ২২শ | |
| | | • আবৃত্ত দশমিক সংখ্যাকে অনন্ত গুণোত্তর ধারায় প্রকাশ এবং সাধারণ ভগ্নাংশে রূপান্তর | ০১ | ২৩শ | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **অষ্টম**<br>ত্রিকোণমিতি | ১. রেডিয়ান পরিমাপের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. রেডিয়ান পরিমাপ ও ডিগ্রি পরিমাপের পারস্পরিক সম্পর্ক নির্ণয় করতে পারবে।<br>৩. চারটি চতুর্ভাগে ত্রিকোণমিতিক অনুপাতসমূহের চিহ্ন নির্দেশ করতে পারবে।<br>৪. অনূর্ধ্ব $2\pi$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয় করতে পারবে।<br>৫. $-\theta$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয় করতে পারবে।<br>৬. পূর্ণসংখ্যা $n(n \leq 4)$ এর জন্য $\left(\frac{n\pi}{2} \pm \theta\right)$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয় ও প্রয়োগ করতে পারবে।<br>৭. সহজ ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান করতে পারবে। | • রেডিয়ান পরিমাপ | ০১ | ২৪শ | |
| | | • রেডিয়ান পরিমাপ ও ডিগ্রি পরিমাপের পারস্পরিক সম্পর্ক | ০১ | ২৫শ | |
| | | • চারটি চতুর্ভাগে ত্রিকোণমিতিক অনুপাতসমূহের চিহ্ন | ০১ | ২৬শ | |
| | | • অনূর্ধ্ব $2\pi$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত | ০১ | ২৭শ | |
| | | • $-\theta$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত | ০১ | ২৮শ | |
| | | • পূর্ণসংখ্যা $n(n \leq 4)$ এর জন্য $\left(\frac{n\pi}{2} \pm \theta\right)$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয় ও প্রয়োগ | ০২ | ২৯শ- ৩০শ | |
| | | • সহজ ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান | ০৩ | ৩১শ -৩৩শ | |
| | | **ব্যাবহারিক**: পূর্ণসংখ্যা $n$ এর জন্য $\left(\frac{n\pi}{2} \pm \theta\right)$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয়, যেখানে $0 < \theta < \frac{\pi}{2}$। | ০২ | ৩৪শ - ৩৫শ | তালিকার ১ নম্বর ব্যাবহারিক |
| **নবম**<br>সূচকীয় ও লগারিদমীয় ফাংশন | ১. মূলদ সূচক ও অমূলদ সূচক ব্যাখ্যা করতে পারবে।<br>২. মূলদ ও অমূলদ সূচকের জন্য বিভিন্ন সূত্র প্রমাণ ও প্রয়োগ করতে পারবে।<br>৩. সূচক ও লগারিদমের পারস্পরিক সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে।<br>৪. লগারিদমের বিভিন্ন সূত্র প্রমাণ ও প্রয়োগ করতে | • মূলদ ও অমূলদ সূচক | ০১ | ৩৬শ | |
| | | • সূচক সম্পর্কিত বিভিন্ন সূত্র (মূলদ ও অমূলদ সূচকের জন্য) | ০১ | ৩৭শ | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | পারবে।<br>৫. লগারিদমের ভিত্তি পরিবর্তন করতে পারবে।<br>৬. সূচকীয়, লগারিদমীয় ও পরমমান ফাংশনের ধারণা ব্যাখ্যা এবং গাণিতিক সমস্যা সমাধান করতে পারবে।<br>৭. ফাংশনসমূহের লেখচিত্র অঙ্কনে আগ্রহী হবে।<br>৮. সূচকীয়, লগারিদমীয় ও পরমমান ফাংশনসমূহকে লেখচিত্রের সাহায্যে উপস্থাপন করতে পারবে।<br>৯. ক্যালকুলেটরের সাহায্যে লগ ও প্রতিলগ নির্ণয় করতে পারবে। | • লগারিদম<br>$y = a^x, x = log_a y$<br>• লগারিদমের সূত্রাবলি | ০২ | ৩৮শ - ৩৯শ | তালিকার ২ ও ৩ নম্বর ব্যাবহারিক |
| | | • সূচকীয়, লগারিদমীয় ও পরমমান ফাংশন | ০২ | ৪০শ- ৪১শ | |
| | | • **ব্যবহারিক**<br>ফাংশনসমূহের লেখচিত্র ও বিপরীত ফাংশন নির্ণয়<br>সূচকীয়, লগারিদমীয় ও পরমমান ফাংশনসমূহের লেখচিত্র অঙ্কন ও বৈশিষ্ট্য নির্ণয় | ০২ | ৪২শ - ৪৩শ | |
| **দশম অধ্যায়**<br>দ্বিপদী বিস্তৃতি | ১. দ্বিপদী বিস্তৃতি বর্ণনা করতে পারবে।<br>২. প্যাসকেল ত্রিভুজ বর্ণনা করতে পারবে।<br>৩. স্বাভাবিক সংখ্যার ঘাতের জন্য দ্বিপদী বিস্তৃতি বর্ণনা করতে পারবে।<br>৪. $n!$ ও $n_{C_r}$ এর মান নির্ণয় করতে পারবে।<br>৫. দ্বিপদী বিস্তৃতি ব্যবহার করে গাণিতিক সমস্যা সমাধান করতে পারবে। | দ্বিপদী $(1 + y)^n$ এর বিস্তৃতি | ০৩ | ৪৪শ - ৪৬শ | |
| | | প্যাসকেলের ত্রিভুজ ব্যবহার | ০৪ | ৪৭শ - ৫০তম | |
| | | $(x + y)^n$ দ্বিপদী এর বিস্তৃতি | ০৬ | ৫১তম - ৫৬তম | |
| **একাদশ**<br>স্থানাঙ্ক জ্যামিতি | ১. সমতলে কার্তেসীয় স্থানাঙ্কের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. দুইটি বিন্দুর মধ্যবর্তী দূরত্ব নির্ণয় করতে পারবে।<br>৩. সরলরেখার ঢালের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>৪. সরলরেখার সমীকরণ নির্ণয় করতে পারবে।<br>৫. স্থানাঙ্কের মাধ্যমে ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় করতে পারবে।<br>৬. বাহুর দৈর্ঘ্য নির্ণয়ের মাধ্যমে ত্রিভুজ ও চতুর্ভুজের ক্ষেত্রফল নির্ণয় করতে পারবে। | • সমতলে কার্তেসীয় স্থানাঙ্ক | ০১ | ৫৭তম | |
| | | • দুইটি বিন্দুর মধ্যবর্তী দূরত্ব | ০১ | ৫৮তম | |
| | | • সরলরেখার ঢাল<br>• সরলরেখার সমীকরণ | ০২ | ৫৯তম - ৬০তম | |
| | | • ত্রিভুজের ক্ষেত্রফল | ০১ | ৬১তম | |
| | | • ত্রিভুজ ও চতুর্ভুজ অঙ্কন ও ক্ষেত্রফল | ০২ | ৬২তম - ৬৩তম | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | শিক্ষাক্রম/পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ৭. বিন্দুপাতনের মাধ্যমে ত্রিভুজ ও চতুর্ভুজ সংক্রান্ত জ্যামিতিক অঙ্কন করতে পারবে।<br>৮. সরলরেখার সমীকরণ লেখচিত্রে উপস্থাপন করতে পারবে। | • বিন্দুপাতনের মাধ্যমে ত্রিভুজ ও চতুর্ভুজ সংক্রান্ত জ্যামিতিক অঙ্কন ও ক্ষেত্রফল নির্ণয়<br>• সরলরেখার লেখচিত্র অঙ্কন | ০৩ | ৬৪তম - ৬৬তম | |
| | | **ব্যাবহারিক:** বাহুর দৈর্ঘ্য ও বিন্দুপাতনের মাধ্যমে ত্রিভুজ অথবা চতুর্ভুজ সংক্রান্ত জ্যামিতিক অঙ্কন ও ক্ষেত্রফল নির্ণয়। | ০২ | ৬৭তম - ৬৮তম | তালিকার ৪ নম্বর ব্যাবহারিক |
| **চতুর্দশ অধ্যায়**<br><br>সম্ভাবনা | ১. সম্ভাবনার ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. দৈনন্দিন বিভিন্ন উদাহরণের সাহায্যে নিশ্চিত ঘটনা, অসম্ভব ও সম্ভাব্য ঘটনার বর্ণনা করতে পারবে।<br>৩. একই ঘটনার পুনরাবৃত্তি ঘটলে সম্ভাব্য ফলাফল বর্ণনা করতে পারবে।<br>৪. একই ঘটনার পুনরাবৃত্তি ঘটলে সম্ভাবনা নির্ণয় করতে পারবে।<br>৫. সম্ভাবনার সহজ ও বাস্তবভিত্তিক সমস্যার সমাধান করতে পারবে। | সম্ভাবনা ও এর ব্যবহার<br>• সম্ভাবনার ধারণা<br>• নিশ্চিত ঘটনা, অসম্ভব ঘটনা ও সম্ভাব্য ঘটনা<br>• একই ঘটনা অনুর্ধ্ব তিনবার পুনরাবৃত্তি ঘটলে ফলাফল নির্ণয় ( মুদ্রা ও ছক্কার সাহায্যে)<br>• সহজ ও বাস্তবভিত্তিক সমস্যার সমাধান | ০৭ | ৬৯তম - ৭৫তম | |
| | | **সর্বমোট** | **৭৫** | | |

| | |
|---|---|
| **ব্যাবহারিক তালিকা**<br>১. পূর্ণসংখ্যা $n$ এর জন্য $\left(\frac{n\pi}{2} \pm \theta\right)$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয় ; যেখানে $0 < \theta < \frac{\pi}{2}$।<br>২. ফাংশনসমূহের লেখচিত্র ও বিপরীত ফাংশন নির্ণয়।<br>৩. সূচকীয়, লগারিদমীয় ও পরমমান ফাংশনসমূহের লেখচিত্র অঙ্কন ও বৈশিষ্ট্য নির্ণয়।<br>৪. বাহুর দৈর্ঘ্য ও বিন্দুপাতনের মাধ্যমে ত্রিভুজ অথবা চতুর্ভুজ সংক্রান্ত জ্যামিতিক অঙ্কন ও ক্ষেত্রফল নির্ণয়। | তত্ত্বীয় ক্লাসের সাথে উল্লিখিত সময়ে ব্যাবহারিক কাজগুলো করতে হবে। |

**মান বণ্টন : প্রশ্নপত্রের ধারা ও মান বণ্টন অপরিবর্তিত থাকবে।**